

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

এসএফডি সার্কুলার লেটার নংঃ ০৩

নভেম্বর ০৩, ২০১৫
তারিখঃ -----
কার্তিক ১৯, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম।

শিরোনামোক্ত বিষয়ে জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০২ তারিখ জুলাই ০১, ২০১৩; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নংঃ ০১ তারিখ মে ২০, ২০১৪; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নংঃ ০২ তারিখ আগষ্ট ১৮, ২০১৪ এবং জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০৬, তারিখ অক্টোবর ১২, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারগুলোর আওতায় “নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন স্কিম” এর নীতিমালায় ১০টি খাতে মোট ৪৭টি প্রোডাক্টে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব কার্যক্রমের পরিধি সম্প্রসারণ ও ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় বিশদ পর্যালোচনান্তে সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট, ওয়েস্ট হিট রিকভারী সিস্টেম ও ব্যবহৃত লেড এসিড ব্যাটারি পুনঃপ্রক্রিয়াজাতরণ নামীয় ৩টি প্রোডাক্টকে শীর্ষোক্ত পুনঃঅর্থায়ন স্কিমে অন্তর্ভুক্ত করা হলো।

স্কিমের আওতাভুক্ত নতুন ৩টি প্রোডাক্টের সর্বোচ্চ ঋণসীমা :

খাত	উপ-খাত	প্রোডাক্ট	ঋণসীমা (উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় নিরূপন করতঃ নির্ধারণ করা হবে; তবে তা একক প্রকল্পে নিম্নরূপ সীমা অতিক্রম করবে না)
১। তরল বর্জ্য ব্যবস্থাপনা	-	সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট	১৫,০০,০০,০০০.০০ (পনের কোটি) টাকা
২। জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তি	-	ওয়েস্ট হিট রিকভারী সিস্টেম	৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি) টাকা
৩। পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ প্রকল্প	-	ব্যবহৃত লেড এসিড ব্যাটারি পুনঃপ্রক্রিয়াজাতরণ	৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি) টাকা

১। বর্জ্য ব্যবস্থাপনা (Waste Management)

১.১ সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (Central Effluent Treatment Plant[CETP]): একক শিল্প প্রতিষ্ঠান ভিত্তিক এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনে ইটিপিসমূহ সার্বক্ষণিক চালু রাখার বিষয়টি অনেকসময়ই নিশ্চিত করা সম্ভব হয় না এবং একক স্থাপনার পরিচালনা ব্যয়ও কিছুটা অধিক হয়ে থাকে বিধায় পরিবেশ সংরক্ষণের স্বার্থে শিল্পঘন এলাকায় এ ধরনের সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। তবে এক্ষেত্রে কমপক্ষে ৭(সাত)টি শিল্প প্রতিষ্ঠান নিয়ে এ ধরনের সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করতে হবে। এ ধরনের প্ল্যান্ট ইপিজেডসমূহ ও অন্যান্য এলাকায় প্রতিষ্ঠিত হতে পারে।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে প্রকল্পটি ট্রায়াল রানে যাওয়ার পর এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

চলমান পাতা-২

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা : Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

(গ) ঋণসীমা : প্রকল্পের পরিশোধন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়ন সীমা নির্ধারণ করা হবে তবে তা ১৫,০০,০০,০০০/০০ (পনের কোটি) টাকা এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার : সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন : ঋণ গ্রহণের তারিখ হতে ০১(এক) বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৮(আট) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ০১(এক) বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৮(আট) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত : ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(জ) অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশনা : পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথা পরিপালন নিশ্চিত করতে হবে।

২। জ্বালানি দক্ষতা (Energy Efficiency):

২.১ ওয়েস্ট হিট রিকভারী সিস্টেম (Waste Heat Recovery System) : পাওয়ার-প্লান্ট, জেনারেটরসহ অন্য যে কোন শিল্প প্রতিষ্ঠানের অপচয়কৃত তাপের সর্বোচ্চ ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য যে কোন ধরনের ওয়েস্ট হিট রিকভারী সিস্টেম স্থাপনে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এর মাধ্যমে পরিবেশে অতিরিক্ত তাপ নিঃসরণের মাত্রা উল্লেখযোগ্য হারে কমিয়ে নিয়ে আসা সম্ভব হবে যা পরিবেশ সংরক্ষণে সহায়ক হবে।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে প্রকল্পটি ট্রায়াল রানে যাওয়ার পর এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা : Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

(গ) ঋণসীমা : প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়ন সীমা নির্ধারণ করা হবে তবে তা ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার : সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন : ঋণ গ্রহণের তারিখ হতে ০১(এক) বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ০১(এক) বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত : ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(জ) অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশনা : পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথা পরিপালন নিশ্চিত করতে হবে।

৩। পুনঃপ্রক্রিয়াজাতরণ (Recycling):

৩.১ ব্যবহৃত লেড এসিড ব্যাটারি পুনঃপ্রক্রিয়াজাতরণ (Used Lead Acid Battery Recycling Plant) : লেড এসিড ব্যাটারীর ব্যবহার উল্লেখযোগ্য হারে বেড়ে চললেও পরিবেশ সম্মত উপায়ে এগুলোর পুনঃপ্রক্রিয়াজাতরণ প্লান্ট গড়ে না উঠায় এ ধরনের প্লান্ট স্থাপনে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে প্রকল্পটি ট্রায়াল রানে যাওয়ার পর এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা : Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

(গ) ঋণসীমা : প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপণপূর্বক পুনঃঅর্থায়ন সীমা নির্ধারণ করা হবে তবে তা ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার : সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন : ঋণ গ্রহণের তারিখ হতে ০৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ০১(এক) বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত : ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(জ) অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশনা : পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথা পরিপালন নিশ্চিত করতে হবে।

৪। অন্যান্য সকল ক্ষেত্রে জিবিএসআরডি সার্কুলার নং: ০২/২০১৩ এ বর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে। শরিয়াহ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্ত জারিকৃত জিবিএসআরডি সার্কুলার নং: ০৬/২০১৪ এ উক্ত অন্তর্ভুক্তির বিষয়টি কার্যকরী মর্মে গণ্য হবে।

৫। বাংলাদেশ ব্যাংকের সাথে Participating Financial Institution (PFI) সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) বর্ণিত অন্তর্ভুক্তির বিষয়টি সংযোজিত হয়েছে বলে গণ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০৩২০

ফ্যাক্স- ৯৫৩০৩২৭

ই-মেইল : manoj.biswas@bb.org.bd
gm.sfd@bb.org.bd